# ছাতক পৌরসভা কার্যালয়

## শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| সভার স্থান ঃ ছাতক পৌরসভা | সভার তারিখ ঃ ৩০/১২/২০১৯ খ্রিঃ । | সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা। | সভাপতি ঃ জনাব মো:আবুল কালাম চৌধুরী, মেয়র, ছাতক পৌরসভা। |

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরনী পাঠ করেন জনাব সৈয়দ মো: আবুজর গিফরী, সচিব, ছাতক পৌরসভা। | কার্যবিবরনী সঠিক আছে। | সংশোধন নেই। | কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। |

আলোচ্যসূচী - ২ ঃ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা

আলোচ্যসূচী - ২ (ক) বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ **(Citizen Awareness and Participation)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ক) | TLCC গঠন ও কার্যকর রাখা ( সূত্র: পৌরসভাআইন, ২০০৯ এর ১১৫ ধারা) | • পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক ২৪/০৯/২০১৯ ইং তারিখে ত্রৈমাসিক ভিত্তিতে টি এল সিসি মিটিং অনুষ্ঠান করা হয়েছে।<br>• সভার কার্যবিবরণী তৈরী করে মিটিং অনুষ্ঠানের ৭ দিন পূর্বে সকল সদস্যদের মাঝে বিতরন করা হবেএবং PMO তে প্রেরণ করা হয়েছে । | • ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা ৩০/১২/২০১৯ ইং তারিখে করা হয়েছে এবং পূর্ববর্তী সভার কার্যবিবরনী তৈরী করে বর্তমান সভার ৭ দিন পূর্বে সকল সদস্যদের মাঝে বিতরন করা হয়েছে এবং যথাসময়ে PMO তে প্রেরণ করা হবে। | • পরবর্তীতে সভার কার্যবিবরণী ৩১/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে প্রস্তুত করে যথাসময়ে সদস্যদের মধ্যে বিতরণ ও আগামী ৭ জানুয়ারি, ২০২০ এর মধ্যে প্রশাসনিক কর্মকর্তার মাধ্যমে PMO তে প্রেরণ করা হবে। | মেয়র/সচিব |
| খ) | WC গঠন ও কার্যকররাখা ( সূত্রঃ পৌরসভাআইন, ২০০৯ এর ১৪ ধারা) | • পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক ৩০ শে সেপ্টেম্বর এর মধ্যে ৯ টি ওয়ার্ডের ৯ টি WC মিটিং অনুষ্ঠান শেষ করতে হবে। সভায় সকল সদস্যরা যেন উপস্থিত থাকে এবং সভার কার্যবিবরনী তৈরী | • বর্তমানে ত্রৈমাসিক ভিত্তিতে ৩১ শে ডিসেম্বর এর মধ্যে ৯ টি ওয়ার্ডের ৯ টি WC মিটিং অনুষ্ঠান শেষ করতে হবে। সভায় সকল সদস্যরা যেন উপস্থিত থাকে এবং সভার কার্যবিবরনী তৈরী করে পরবর্তী সভার ৭ দিন পূর্বে সকল | • পরবর্তী কোয়াটারে WC সকল কমিটির সভা ২৩/০৩/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সম্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করা হয়। পরবর্তী WC কমিটির মিটিং-এর সমস্যাসমূহ TLCC সভাতে উপস্থাপন করা হবে এবং | সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | করে পরবর্তী সভার ৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে যেন বিতরন করা হয় সে ব্যাপারে গুরুত্ত দিতে হবে। সভার সিদ্ধান্ত মোতাবেক সভার সিদ্ধান্ত মোতাবেক আরও ৪ টি ওয়ার্ডের মন্ডলীভোগ, ছাতক বাজার, বৌলা, লোবারপাড়া এলাকার ড্রেনগুলো ময়লা আবর্জনা পরিস্কার করা হয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে WC মিটিং যথাসময়ে করা হয়েছে ত্রৈমাসিক ভিত্তিতে WC মিটিং যথাসময়ে করা হয়েছে । | সদস্যদের মধ্যে যেন বিতরন করা হয় সে ব্যাপারে গুরুত্ত দিতে হবে। সভার সিদ্ধান্ত মোতাবেক সভার সিদ্ধান্ত মোতাবেক আরও ৪ টি ওয়ার্ড ইসলামপুর, পশ্চিম নোয়ারাই, বাজনামহল, মোগলপাড়া, এলাকার ড্রেনগুলো ময়লা আবর্জনা পরিস্কার করতে হবে এ সিদ্ধান্ত নেওয়া হয় । ত্রৈমাসিক ভিত্তিতে WC মিটিং যথাসময়ে করা হয়েছে । | পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত ও অগ্রগতি পরবর্তী সভা সমূহে পর্যালোচনা করা হবে। | |
| গ) | নাগরিক সনদ (CC) (সিটিজেনচার্টার) প্রনয়ন ও বাস্তবায়ন। | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক নাগরিক সনদ পরিবর্তন সংযোজনপূর্বক TLCC কর্তৃক নাগরিক সনদ অনুমোদিত ও পৌরসভা অফিসে এবং বাস ষ্ট্যান্ডের সম্মুখে প্রদর্শন করা হয়েছে। | বর্তমানে নাগরিক সনদ পরিবর্তন সংযোজনপূর্বক TLCC কর্তৃক নাগরিক সনদ অনুমোদিত ও পৌরসভা অফিসে এবং বাস ষ্ট্যান্ডের সম্মুখে প্রদর্শন করা হয়েছে। | পরবর্তীতে টি এল সি সি এর সম্মানীত সদস্য জনাবা সাবিনা ইয়াসমিন বলেন যে, ছাতক ট্রাফিক পয়েন্ট ও বাগবাড়ী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন স্থানে আরোও ২টি নাগরিক সনদ স্থাপন করা দরকার। | সচিব |
| ঘ) | তথ্যও অভিযোগ প্রতিকার সেল গঠন ও কার্যকর রাখা। | পূর্বে কোর্য়াটারে ০১ টি অভিযোগ পাওয়া যায়। ৯ নং ওয়ার্ডে তাতিকোনা এলাকায় মশক নিধন করা হয়েছে। উঠান বৈঠকে নিয়মিত প্রচার করা হচ্ছে। বর্তমানে সেই সড়ক বাতি সংযোজনের জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হয়েছে। | চলতি কোর্য়াটারে ০১ টি অভিযোগ পাওয়া যায়। তা হল সড়ক বাতি সংযোজন সংক্রান্ত ছিল। উঠান বৈঠকে নিয়মিত প্রচার করা হচ্ছে। | পরবর্তীতে অভিযোগ যেন দ্রুত নিস্পত্তি হয় সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হয় । | সচিব, অভিযোগ প্রতিকার সেলের সভাপতি |

ক্ষেত্র - ২ ঃ নগর পরিকল্পনা **(Urban Planning)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ক) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ণ অনুসারে ১ম পর্যায়ের ২৩টি কাজ সমাপ্ত হয়েছে এবং ১ টি কাজ চলমান ও প্রকল্পের ২য় পর্যায়ের ২৫টি কাজ সমাপ্ত হয়েছে ৩০ টি কাজ চলমান আছে। কাজগুলোর গুনগত মান যেন সঠিক থাকে এবং কাজগুলো সময়মত শেষ হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | বর্তমানে পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ণ অনুসারে ১ম পর্যায়ের সকল কাজ সমাপ্ত হয়েছে ও প্রকল্পের ২য় পর্যায়ের ২৫টি কাজ সমাপ্ত হয়েছে ৩০ টি কাজ চলমান আছে। কাজগুলোর গুনগত মান যেন সঠিক থাকে এবং কাজগুলো সময়মত শেষ হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | পরবর্তীতে TLCC সদস্য ও কাউন্সিলর জনাব মো: ধন মিয়া সভাকে অবহিত করেন যে ২য় পর্যায়ের কাজ সঠিক সময়ে সমাপ্ত করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রকৌশল শাখাকে অবহিত করা হয়। | মেয়র/ প্রকৌশল বিভাগ |
| খ) | উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক ২৩/০৯/২০১৯ ইং তারিখে নগর পরিকল্পনা ইউনিটের সভা হয়েছে এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়েছে। এই কোয়াটারে মোট ১২ টি ইমারত নির্মনের আবেদন পাওয়া যায়। যার নগর পরিকল্পনা ইউনিট শাখা ১১ টি ইমারত এর অনুমোদন দিয়েছে এবং ১টি ইমারতের প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় অনুমোদন দেয়া হয়নি। অপরদিকে ১ টি ইমারত নির্মান কাজ তদারকি হয়েছে। | বর্তমানে ত্রৈমাসিক ভিত্তিতে ২৬/১২/২০১৯ ইং তারিখে নগর পরিকল্পনা ইউনিটের সভা হয়েছে এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়েছে। এই কোয়াটারে মোট ৩ টি ইমারত নির্মানের আবেদন পাওয়া যায়। যার নগর পরিকল্পনা ইউনিট শাখা ২ টি ইমারত এর অনুমোদন দিয়েছে এবং ১টি ইমারতের প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় অনুমোদন দেয়া হয়নি। | পরবর্তীতে TLCC সদস্য জনাব হাজী মো: শামসুল আলম বলেন যে, পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে নতুন ইমারত তৈরী করা হচ্ছে, সে সকল ইমারতের মালিকদের ইমারত নির্মানের আইন কানুন সম্পর্কে অবগত করতে হবে। এবং সরোজমিন তদারকি করে প্রত্যেক ইমারতের মালিকদের সাথে আলোচনা করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। খাস জমি চিহ্নিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| গ) | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O & M পরিকল্পনা প্রনয়ন । | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ ইং অর্থ বছরে O&M বাজেট = ৩৮৬৬৮১৫/=টাকা জুলাই - সেপ্টেম্বর,১৯ইং পর্যন্ত মোট ৪১৮৭২০/- ব্যয় করা হয়েছে। তার মধ্যে ক) ভৌত অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ জন্য মোট= ২৪৯০০/- টাকা এবং খ) যানবাহন মেরামত ও রক্ষনাবেক্ষন জন্য মোট= ১২৯০০১/= টাকা ব্যয় করা হয়েছে।<br>গ) সড়ক বাতি ব্যবস্থাপনা ও | বর্তমান ২০১৯-২০২০ ইং অর্থ বছরে O&M বাজেট = ৩৮৬৬৮১৫/=টাকা অক্টোবর-ডিসেম্বর,১৯ ইং পর্যন্ত মোট ৫৯১১৭৩/- ব্যয় করা হয়েছে। তার মধ্যে ক) ভৌত অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ জন্য মোট= ১৪৮৬৫৫/- টাকা এবং<br>খ) যানবাহন মেরামত ও রক্ষনাবেক্ষন জন্য মোট= ১৫১৬৭৯/== টাকা ব্যয় করা হয়েছে। গ) সড়ক বাতি ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ বাবদ মোট = ২৮২৬৩৯/= টাকা ব্যয় করা হয়। ঘ) অফিস সরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ জন্য মোট= | পরবর্তীতে TLCC এর সদস্য জনাব সুদিপ কুমার দে (কাউন্সিলর ২ নং ওয়ার্ড) নোয়ারাই এলাকার সড়কটির অবস্থা খুবই খারাপের ব্যাপারে বর্ণনা দিলে রাস্তাটি মেরামতের জন্য পরবর্তী ২০২০-২০২১ অর্থ বছরের O&M বাজেট থেকে মেরামতের সিদ্ধান্ত গ্রহন করা হয় । | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | রক্ষণাবেক্ষণ বাবদ মোট = ১৮১৫৩৪/= টাকা ব্যয় করা হয়। ঘ) অফিস সরঞ্জামাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ জন্য মোট= ৮৩২৮৫/- টাকা ব্যয় করা হয়েছে। | ১৬২০০/=টাকা ব্যয় করা হয়েছে। | | |

## ক্ষেত্র - ৩ ঃ নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভূক্তিকরণ

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ক) | জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা(সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে ২০১৯-২০অর্থ বছরের GAP এর বাজেট ৭,৯২,২০৫/-টাকা। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর, ১৯ইং ত্রৈমাসিকে জেন্ডার কর্মপরিকল্পনার আওতায় নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির ৩ টি মাসিক সভা ও ৯ টি ওয়ার্ডে ১৮ টি উঠান বৈঠক করা হয়েছে। চলতি কোয়ার্টারে ৩ জন গরীব মহিলাদের আর্থিক সাহায্য ১১,০০০/- ২০১৯-২০২০ অর্থ বছরে সর্বমোট ১১,০০০/= টাকা ব্যয় করা হয়েছে। -চলমান অকাঠামোর কাজে ২০% নারী শ্রমিক রাখা হয়েছে এবং তাদের বেতন সহ অন্যান্য সুযোগ সুবিধাগুলো নিশ্চিত করা হয়েছে। | বর্তমান ২০১৯-২০ অর্থ বছরের GAP এর বাজেট ৭,৯২,২০৫/-টাকা। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর, ১৯ইং ত্রৈমাসিকে জেন্ডার কর্মপরিকল্পনার আওতায় নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির ৩ টি মাসিক সভা ও ৯ টি ওয়ার্ডে ১৮ টি উঠান বৈঠক করা হয়েছে। চলতি কোয়ার্টারে ০১ জন গরীব মহিলাদের আর্থিক সাহায্য ও ৬১৫ জন গরীব ও অসহায় নারীদের মাঝে শীতবস্ত্র বাবদ ১৬৮০০০/- ২০১৯-২০২০ অর্থ বছরে সর্বমোট ১,৭৯,০০০/= টাকা ব্যয় করা হয়েছে। | পরবর্তীতে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে বিভিন্ন কার্যক্রম, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান নিয়মিত চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় GAP বাস্তবায়নের জন্য ২০২০-২০২১ অর্থ বছরের আরও সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | সচিব, হিসাব রক্ষক |
| খ) | দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা(সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছরের PRAP এর বাজেট ১৮,৮০,৫১৩/- টাকা । দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। জুলাই-সেপ্টেম্বর, ১৯ইং ত্রৈমাসিকে দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ৩ টি মাসিক সভা করা হয়েছে। কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। চলতি কোয়ার্টারে PRAP বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার বাজেট থেকে কোয়ার্টারে ২১ জন দারিদ্র পুরুষদের আর্থিক সাহায্য ৯২,৫০০/- এ | বর্তমান ২০১৯-২০২০ অর্থ বছরের PRAP এর বাজেট ১৮,৮০,৫১৩/- টাকা । দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অক্টোবর- ডিসেম্বর, ১৯ইং ত্রৈমাসিকে দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ৩ টি মাসিক সভা করা হয়েছে। কমিটির মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। চলতি কোয়ার্টারে PRAP বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার বাজেট থেকে কোয়ার্টারে ১১ জন দারিদ্র পুরুষদের আর্থিক সাহায্য ৩৮,৫০০/- ও ৪৮০ দরিদ্র ও অসহায় পুরুষদের মাঝে শীতবস্ত্র বাবদ ১৬৮৫০০/- এ পর্যন্ত ২০১৯-২০ অর্থ বছরে মোট | পরবর্তীতে দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়। আগামী সভায় PRAP বাস্তবায়নের জন্য ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট থেকে আরও কম্পিউটার প্রশিক্ষণের প্রদান করার সিদ্ধান্ত গ্রহন করা হয় । | সচিব, হিসাব রক্ষক |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | পর্যন্ত ২০১৯-২০ অর্থ বছরে মোট ৯২,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে। | ২,৬১,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। | | |
| গ) | বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক দুইটি বস্তিতে STD এ্যাকাউন্ট খোলা হয়েছে। বস্তিতে দ্বিপক্ষীয় চুক্তি সম্পন্ন করা হয়েছে এবং চুক্তিপত্র PMO তে প্রেরণ করা হয়েছে। বস্তিতে ক্রয় বিক্রয় কমিটি গঠন করা হয়েছে। বস্তির কাজের টাকার জন্য মেয়র বরাবর আবেদন করা হয়েছে। বস্তিতে নিয়মিতভাবে SIC র সভা করা হয়। বস্তিতে SIC- র ৯ টি সভা, PG র ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে, শ্যামপাড়া ও বাশখালা এস টি ডি এ্যাকাউন্ট খোলা হয়েছে ও চুক্তি সম্পন্ন হয়েছে। শ্যামপাড়া ও বাশখালা বস্তিতে কাজ শুরু হয় নি । SIC র কার্যবিবরনী রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করা হচ্ছে । কার্যবিবরনী সহ PMO তে পাঠানো হয়েছে। | বর্তমান দুইটি বস্তিতে STD এ্যাকাউন্ট খোলা হয়েছে। বস্তিতে দ্বিপক্ষীয় চুক্তি সম্পন্ন করা হয়েছে এবং চুক্তিপত্র PMO তে প্রেরণ করা হয়েছে । বস্তিতে ক্রয় বিক্রয় কমিটি গঠন করা হয়েছে। বস্তির কাজের টাকার জন্য মেয়র বরাবর আবেদন করা হয়েছে । বস্তিতে নিয়মিতভাবে SIC র সভা করা হয়। বস্তিতে SIC- র ৬ টি সভা, PG র ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে, শ্যামপাড়া ও বাশখালা এস টি ডি এ্যাকাউন্ট খোলা হয়েছে ও চুক্তি সম্পন্ন হয়েছে। শ্যামপাড়া বস্তির অ্যাকাউন্টে ১ম কিস্তি বাবদ ৬২৮৮৫৪.০৮ টাকা ও বাশখালা বস্তির অ্যাকাউন্টে ১ম কিস্তি বাবদ মোট ১২৮৫৭৬১.৩২ টাকা তহবিল পাওয়া গেছে মালামাল ক্রয় করা হয় নি । SIC র কার্যবিবরনী রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করা হচ্ছে । কার্যবিবরনী সহ PMO তে পাঠানো হয়েছে। | পরবর্তীতে বস্তিতে অবকাঠামোর কাজ ৩৬৫ দিনের মধ্যে শেষ করতে হবে এ সিদ্ধান্ত নেওয়া হয় । | বস্তি উন্নয়ন কর্মকর্তা |

## ক্ষেত্র - ৪ঃ স্থানীয় সম্পদ আহরন বৃদ্ধি

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরর্বতী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ক) | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | পূর্ববতীতে ২০১৯-২০ অর্থ বছরে পৌর করের দাবীর পরিমান ১৩৫৪৯৫৮৫/- এই দাবীর বিপরীতে ৩০ শে সেপ্টেম্বর,২০১৯ পর্যন্ত কর আদায় হয়েছে ৩৭,৮২,৩৮১/- যার শতকরা হার ২৮% । প্রকল্পের শর্ত মোতাবেক আগামী অর্থবছরে বাৎসরিক কর আদায় ৮৫% করতে হবে মর্মে বাধ্যবাধকতা রয়েছে। সভার সম্মানিত সভাপতি মেয়র মহোদয় বলেন লক্ষমাত্রা পুরন করার জন্য সম্মানিত সকল সদস্যদেরকে কর আদায়ে সহযোগীতা করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভার সম্মানিত সভাপতি মেয়র মহোদয় আরও বলেন যে, কর শাখার সকল আদায় কারীকে মাসিক লক্ষমাত্রা নির্ধারন করে দেওয়া এবং আদায়ের অগ্রগতি মাসের শেষে মেয়র মহোদয়ের | বর্তমান ২০১৯-২০ অর্থ বছরে পৌর করের দাবীর পরিমান ১,৩৭,০৩,৩৮৪/- এই দাবীর বিপরীতে ৩১ শে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত কর আদায় হয়েছে ৫৫,৭০,২৬১/- যার শতকরা হার ৪১% । | পরবর্তীতে সভার সম্মানিত সদস্য সচিব জনাব সৈয়দ মোঃ আবুজর গিফরী মহোদয় বলেন পরবর্তী কোয়ার্টার গুলোতে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এখন থেকেই সম্মানিত সকল সদস্যকে সহযোগীতা করার জন্য আহ্বান জানান। | সচিব ও কর নির্ধারক/ কর আদায়কারী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয় । | | | |
| খ) | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যাতীত ) | পূর্ববতীতে বর্তমান ২০১৯-২০ অর্থ বছরে আদায়ের মোট দাবী ২৫৬৯০৬৫৬ টাকা।এই দাবীর বিপরীতে ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত আদায় হয়েছে ১০৭২৩২৮১ টাকা যার শতকরা হার ৪২%। প্রকল্পের শর্ত মোতাবেক আগামী অর্থবছরে বাৎসরিক কর বর্হির্ভূত রাজস্ব আদায় ১০০% করতে হবে মর্মে বাধ্যবাধকতা রয়েছে। পরিকল্পনামাফিক যে সমস্ত খাত থেকে এষনও আদায় বাকী আছে সে সমস্ত খাতে আদায় সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শাখার সকল কে নির্দেশ দেওয়া হয়। | বর্তমান ২০১৯-২০ অর্থ বছরে আদায়ের মোট দাবী ২৫৬৯০৬৫৬ টাকা।<br>এই দাবীর বিপরীতে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত আদায় হয়েছে ১৪৬২৪১৫২ টাকা যার শতকরা হার ৫৭%। | প্রকল্পের শর্ত মোতাবেক গত অর্থ বছরে কর বর্হির্ভূত রাজস্ব খাতে আদায়ের যে পরিমান লক্ষমাত্রা ছিল, ২০১৯-২০ অর্থ বছরে তার চেয়ে ৫% বৃদ্ধি করে চাহিদা নির্ধান করতে হবে এবং। আগামী অর্থবছরে বাৎসরিক আদায় ১০০% করতে হবে মর্মে বাধ্যবাধকতা রয়েছে। কর-বর্হির্ভূত রাজস্ব’ খাতসমূহ চিহ্নিত ও আদায়ের খাত বর্ধিত করারজন্য সংশ্লিষ্ট শাখার সকল কে আহ্বান জানানো হয়। | মেয়র,সচিব,লাইসেন্স ইন্সপেক্টর,বাজার সুপার |
| গ) | কম্পিটউটারাইজড ট্যাক্স ( কর) রেকর্ড ব্যবহার প্রবর্তন এবং কম্পিউটারের মাধমে বিল প্রণয়ন | জুলাই-সেপ্টেম্বর, ১৯ ইং মাসের কম্পিউটারাইজড আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।<br>জুলাই-সেপ্টেম্বর,১৯ ইং মাসের Reccipts Payments Posting সম্পন্ন করে মেয়র মহোদয়- এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করা হয়েছে। এটি একটি চলমান প্রক্রিয়া। | অক্টোবর-ডিসেম্বর,১৯ ইং মাসের কম্পিউটারাইজড আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর,১৯ ইং মাসের Reccipts Payments Posting সম্পন্ন করে মেয়র মহোদয়- এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করা হয়েছে। এটি একটি চলমান প্রক্রিয়া। | -পরবর্তীতে Reccipts Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়- এর নিকট উপস্থাপন এবং বিল প্রণয়ন করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সচিব ও হিসাব রক্ষক |
| ঘ) | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে | |

**ক্ষেত্র - ৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা এবং স্থায়িত্বশীলতা (Financial Accountability and Sustainability)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ক) | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রনয়ন ( সূত্র ঃ পৌরসভা আইন ২০০৯এর ৫৫ ধারা) | পূর্ববর্তী খসড়া বাজেট প্রণয়নের পর নাগরিক বৃন্দের মতামতের জন্য পৌরসভা ও উপজেলা নির্বাহী অফিসের নোটিশ বোর্ডে টানানো হয়েছিল এবং সাংবাদিক সম্মেলন করে বাজেট উপস্থাপন করা হয়েছে । ২৫/০৫/১৮ ইং তারিখে ২০১৮-২০১৯ খ্রিঃ অর্থ বছরের বাজেট টিএলসিসি ও মাসিক সভায় অনুমোদন করা হয়েছে । | খসড়া বাজেট প্রণয়নের পর নাগরিক বৃন্দের মতামতের জন্য পৌরসভা ও উপজেলা নির্বাহী অফিসের নোটিশ বোর্ডে টানানো হয়েছিল এবং সাংবাদিক সম্মেলন করে বাজেট উপস্থাপন করা হয়েছে । ৩০/০৬/১৯ ইং তারিখে ২০১৯-২০২০ খ্রিঃ অর্থ বছরের বাজেট টিএলসিসি ও মাসিক সভায় অনুমোদন করা হয়েছে । | - পরবর্তীতে অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে ৩০শে মে’ ২০২০ এর মধ্যে ২০২০-২১ ইং অর্থ বছরের বাজেট প্রণয়নের কাজ শেষ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | সচিব ও হিসাব রক্ষক |
| খ) | অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্রঃ পৌরসভা আইন ২০০৯এর ৫৫ ধারা) | পূর্ববর্তী সেপ্টেম্বর ২০১৮এর মধ্যে পৌরসভার পৌরসভার ‘অডিট এ্যান্ড একাউন্টস’ সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক ‘অডিট’২০/০৯/২০১৮ সম্পন্ন করে Mayor এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে । | সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে পৌরসভার পৌরসভার ‘অডিট এ্যান্ড একাউন্টস’ সম্পর্কিত স্থায়ী কমিটি কর্তৃক ‘অডিট’২৯/০৮/২০১৮ইং সম্পন্ন করে Mayor এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে । | পরবর্তীতে সেপ্টেম্বর,২০২০ মাসে ‘অডিট এ্যান্ড একাউন্টস’ সম্পর্কিত স্থায়ী কমিটি কে চিঠি প্রেরণ করা এবং পৌরসভার অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে ১৫/০৯/২০২০ তারিখের মধ্যে নিরীক্ষা সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয় । | হিসাব রক্ষক,সভাপতি, ‘‘অডিট এ্যান্ড একাউন্টস’’ স্থায়ী কমিটি |
| গ) | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রনয়ন | - জুলাই-সেপ্টেম্বর,১৯ ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে এ | - অক্টোবর-ডিসেম্বর,১৯ ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব | কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা প্রবর্তণ এবং চলমান রাখর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত | সচিব ও হিসাব রক্ষক |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | হিসাব প্রতিবেদন প্রস্তুত, Mayor এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে । কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা প্রবর্তণ/চলমান রাখা হয়েছে। | প্রতিবেদন প্রস্তুত, Mayor এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে । কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা প্রবর্তণ/চলমান রাখা হয়েছে। | হয়। | |
| ঘ) | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | ২০১৯-২০ অর্থবছরে মোট বিদ্যুৎ বিল পেয়েছি ১৯২২৬১ টাকার এবং টেলিফোন বিল পেয়েছি ১১০৪টাকার যার সমপরিমান পরিশোধ করা হয়েছে। যার পরিশোধের হার ১০০% । | ২০১৯-২০ অর্থবছরে মোট বিদ্যুৎ বিল পেয়েছি ৪২৪৭৫৭টাকার এবং টেলিফোন বিল পেয়েছি ১৬২৩ টাকার যার সমপরিমান পরিশোধ করা হয়েছে। যার পরিশোধের হার ১০০% । | - TLCC এর সদস্য জনাব হাজী মো:আব্দুলখালিক বলেন বিদ্যুৎ বিল এবং টেলিফোন বিল যেন বকেয়া না থাকে সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, প্রকৌশলী ও হিসাব রক্ষক |
| ঙ) | স্থায়ী সম্পদের তালিকা প্রনয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিষ্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | স্থায়ী সম্পদের তালিকা প্রনয়ন করা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য রেজিষ্টার খোলা হয়েছে। স্থায়ী সম্পদের কম্পিটউটারাইজড রেকর্ড প্রবর্তন করা হয়েছে। | স্থায়ী সম্পদের তালিকা প্রনয়ন করা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য রেজিষ্টার খোলা হয়েছে। স্থায়ী সম্পদের কম্পিটউটারাইজড রেকর্ড প্রবর্তন করা হয়েছে। | | |
| চ) | সকল সরকারী ঋন পরিশোধ করা | সরকারী ঋন নাই । | সরকারী ঋন নাই । | সরকারী ঋন নাই । | |

## ক্ষেত্র - ৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ক) | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন ২০০৯এর ৫৫ ধারা) | পূর্ববর্তী কোয়ার্টারে ৯ টি স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্রয়োজন অনুযায়ী স্থায়ী কমিটির মিটিং করার সিদ্ধান্ত গ্রহন করা হয় । | - বর্তমান কোয়ার্টারে ৯ টি স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। | - পরবর্তী কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা এবং সকল স্থায়ী কমিটির রেজুলেশন ২৩/০৩/২০২০ ইং তারিখের মধ্যে প্রকল্প ব্যবস্থাপনা অফিসে | মেয়র, সচিব ও সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতি |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | | প্রেরণের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। | |
| খ) | সকল প্রশিক্ষন কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহন ও সহায়তা প্রদান নিশ্চিতকরন । | পৌরসভার স্বচ্ছতা বজায় রাখার জন্য কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষনের বিকল্প নাই। তাই কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষনের ব্যবস্থা করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। | -বর্তমান কোয়াটারে কোন প্রশিক্ষণ দেওয়া হয় নাই। | - পরবর্তী কোয়াটারে কর্মচারীদের প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে । | মেয়র, সচিব |
| গ) | সুশাসনেরজন্য উন্নত তথ্য প্রযুক্তি/আই আই টি ব্যবহার(সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | অত্র পৌরসভার ওয়েবসাইট চলমান রয়েছে। ইমেইল ঠিকানা Email: www.infochhatakpauroshava@gmail.com পৌরসভার নিজস্ব ওয়েবসাইটের ঠিকানাঃ www.chhatakpourashava.gov.bd | -বর্তমানে পৌরসভার নিজস্ব ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করা হয় পৌরসভার নিজস্ব ওয়েবসাইটের ঠিকানাঃ www.chhatakpourashava.gov.bd | পরবর্তীতে সব সময় পৌরসভার নিজস্ব ওয়েবসাইটি চলমান রাখার জন্য বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ইমেইল ঠিকানা Email: www.infochhatakpauroshava@gmail.com | সচিব ও সহকারী প্রকৌশলী |
| **৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা** | | | | | |
| ক) | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি জনাব ধন মিয়া জানান যে, চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ৯,০০০০০/= টাকার বরাদ্দ থেকে ২৯০১৯৩/= টাকা ব্যয় করা হয়েছে। বর্জ্য সংরক্ষণের জন্য আরও ২ টি ওয়ার্ডে ডাস্টবিন প্রদান করা হয়েছে ।বর্জ্য ব্যবস্থাপনা সঠিক করার জন্য পৌর নাগরিকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সভা যেমনঃ | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি জনাব ধন মিয়া জানান যে, চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ৯,০০০০০/= টাকার বরাদ্দ থেকে ৫০৪৮৪৩/= টাকা ব্যয় করা হয়েছে। বর্জ্য সংরক্ষণের জন্য আরও ২ টি ওয়ার্ডে ডাস্টবিন প্রদান করা হয়েছে ।বর্জ্য ব্যবস্থাপনা সঠিক করার জন্য পৌর নাগরিকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সভা যেমনঃ উঠানবৈঠক,ওয়ার্ড | পরবর্তীতে TLCC এর সম্মানিত সদস্য জনাবা মো:আবুল হায়াত বলেন, বর্জ্য সংরক্ষণের জন্য আরও ১ টি ওয়ার্ডে ডাস্টবিন প্রদান করা হবে । পৌর সকল নাগরিকদের মধ্যে আরও সচেতনতা বৃদ্ধি করতে হবে। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সভা ও বেশি করে সচেতনতা মূলক অনুষ্ঠান আয়োজন করতে হবে।বর্জ্য নিয়মিত পরিস্কার করা খুবই জরুরী। জনাবা আলেয়া ফেরদৌস সভাকে জানান যে ০৯ নং | সচিব/ কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | উঠানবৈঠক,ওয়ার্ড মিটিং,টি.এল.সি.সি মিটিং সহ বিভিন্ন প্রশিক্ষণ ও সচেতনতা মূলক অনুষ্ঠানে আলোচনা করা হচ্ছে। | মিটিং,টি.এল.সি.সি মিটিং সহ বিভিন্ন প্রশিক্ষণ ও সচেতনতা মূলক অনুষ্ঠানে আলোচনা করা হচ্ছে। | ওয়ার্ডের চরেরবন্দ এলাকায় ময়লা আর্বজনা বেশী থাকে সে সকল স্থানে পৌরসভার ভ্যানগাড়ি দিয়ে প্রতিদিন ময়লা অপসারনের জন্য গুরুত্ব আরোপ করেন এবং অপসারনের সিদ্ধান্ত নেওয়া হয়। | |
| খ) | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক নিয়মিতভাবে ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে, ফলে পানি প্রবাহে বাধাপ্রাপ্ত হচ্ছে না । চলতি অর্থ বছর চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ৯,০০,০০০/= টাকা বরাদ্দ থেকে ১১৪২৫৩/= টাকা ব্যায় করা হয়েছে । | বর্তমানে নিয়মিতভাবে ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে, ফলে পানি প্রবাহে বাধাপ্রাপ্ত হচ্ছে না । চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ৯,০০,০০০/= টাকা বরাদ্দ থেকে ২১১২৫৩ টাকা ব্যায় করা হয়েছে । | পরবর্তীতে TLCC এর সম্মানিত সদস্য জনাব অধ্যাপক হরিদাস বলেন, ২ নং ওয়ার্ডের নোয়ারাই এলাকায় কিছু ড্রেন এর অবস্থা খারাপ এবং নিয়মিতভাবে ড্রেনগুলো পরিস্কার করার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। | সহকারী প্রকৌশলী/ সচিব/ কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |
| গ) | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক নতুন সড়কবাতি সংযোগ বাবত চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ২০,০০০০০/= টাকা বরাদ্দ থেকে ৩৭৩৭৯৫/= টাকা ব্যয় করা হয়েছে । সভায় আলোচনা করা হয় যে, ২ নং ওয়ার্ডে ইসলামপুর এলাকায় সড়কবাতি অকেজো হয়ে যায় ফলে অকেজো সড়কবাতিগুলি সত শ্রীঘই পুন:স্থাপন করার ব্যপারে সিদ্ধান্ত হয় । | বর্তমানে নতুন সড়কবাতি সংযোগ বাবত চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ২০,০০০০০/= টাকা বরাদ্দ থেকে ৬৫৬,৪৩৪ টাকা ব্যয় করা হয়েছে । সভায় আলোচনা করা হয় যে, ১ নং ওয়ার্ডে ফকিরটিলা এলাকায় সড়কবাতি অকেজো হয়ে যায় ফলে অকেজো সড়কবাতিগুলি সত শ্রীঘই পুন:স্থাপন করার ব্যপারে সিদ্ধান্ত হয় । | পরবর্তীতে আর ও বিভিন্ন ওর্য়াডের অকেজো সড়কবাতি গুলি শ্রীঘই পুন:স্থান করার ব্যপারে সিদ্ধান্ত হয় । | উপ- সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) |
| ঘ) | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন ও কার্যকরিকরণ | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক Mobile Maintenance Team এর কর্মপরিকল্পনা অনুযায়ী শিববাড়ী সংলগ্ন রাস্তাটি মেরামত করা হয়েছে। Mobile Maintenance Team সভাকে অবহিত করেন যে, রাস্তা, ফুটপাত রক্ষণাবেক্ষণ, রক্ষণাবেক্ষণ বাবদ চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ৩৮৬৬৮১৫/=টাকা বরাদ্দ থেকে ৪১৮৭২০/= টাকা ব্যয় করা | বর্তমানে Mobile Maintenance Team এর কর্মপরিকল্পনা অনুযায়ী শিববাড়ী সংলগ্ন রাস্তাটি মেরামত করা হয়েছে। Mobile Maintenance Team সভাকে অবহিত করেন যে, রাস্তা, ফুটপাত রক্ষণাবেক্ষণ, রক্ষণাবেক্ষণ বাবদ চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ৩৮৬৬৮১৫/=টাকা বরাদ্দ থেকে ১,০১৭,৮৯৩.০০ টাকা ব্যয় করা | পরবর্তীতে Mobile Maintenance Team এর কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম চলমান বাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ০৫ নং ওয়ার্ডের লেবারপাড়া এলাকায় রাস্তাটি মেরামতের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। | নির্বাহী প্রকৌশলী /সহকারী প্রকৌশলী |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | হয়েছে। ৮ নং ওয়াডের বৌলা এলাকার রাস্তাটি মেরামতের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। | হয়েছে। ৯ নং ওয়াডের তাতিকোনা এলাকার রাস্তাটি মেরামতের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। | | |
| ঙ) | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক কমিটি জানান যে, চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ২,০০০০০/= টাকা বরাদ্দ থেকে ৩৩০০/= টাকা ব্যায় করা হয়েছে। ছাতক বাজারে আরও ১ টি পাবলিক টয়লেট পরিষ্কার করা হয়েছে। | বর্তমানে স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক কমিটি জানান যে, চলতি অর্থ বছর ২০১৯-২০ তে এ খাতে ২,০০০০০/= টাকা বরাদ্দ থেকে ১৩,২০০ টাকা ব্যায় করা হয়েছে। ছাতক বাজারে আরও ৩ টি পাবলিক টয়লেট পরিষ্কারের জন্য সিদ্ধান্ত হয় । | পরবর্তীতে বাকী পাবলিক টয়লেট পরিষ্কার করা হবে । খোলা জায়গায় মলত্যাগ করায় পরিবেশ দূষিত হচ্ছে। আরও বেশী সংখ্যক স্বাস্থ্য সম্মত টয়লেট স্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সি ইন্সপেক্টর |

## বিবিধঃ-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্তবাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ছাতক পৌরসভার অভ্যন্তরে অবস্থিত কনকচাপা খেলাঘরে মাদুর দেয়া সম্পর্কে আলোচনা | TLCC এর সম্মানিত সদস্য জনাব অজয় কৃষ্ণ পাল বলেন, ছাতক পৌরসভার অভ্যন্তরে একটি খেলাঘর রয়েছে, সেখানে বসে ছাত্র-ছাত্রীদের গান শিখানো হয়। বর্তমানে ছাত্র-ছাত্রীদের গান শেখানোর জন্য বসার স্থানগুলি খুবই খারাপ অবস্থা। তাই আমার আবেদন সেখানে কিছু মাদুর দিলে খেলাঘরের ছাত্র-ছাত্রীদের অনেক সুবিধা হবে। | ছাত্রছাত্রীদের বসার জন্য কিছু সংখ্যক মাদুর প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে মেয়র মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আবুল কালাম চৌধুরী)
সভাপতি
শহর সমন্বয় কমিটি (TLCC)
ও
মেয়র
ছাতক পৌরসভা।

স্মারক নং- ছা: পৌর:/সাধা/২০১৯/ তারিখ ঃ- ৩০/১২/২০১৯ খ্রিঃ ।

অনুলিপি অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। জনাব............................................................................ কাউন্সিলর (সকল) ........নং ওয়ার্ড, ছাতক পৌরসভা।
০৩। জনাব........................................................................... সদস্য (সকল) নগর সমন্বয় কমিটি (TLCC), ছাতক পৌরসভা।
০৪। জনাব...............................................................................
০৫। অফিস কপি

(মোঃ আবুল কালাম চৌধুরী)
সভাপতি
শহর সমন্বয় কমিটি (TLCC)
ও
মেয়র
ছাতক পৌরসভা।